# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২০৬

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা আহযাব

بَابٌ: وَمِنْ سُورَةِ الأَحْزَابِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عَفَّانُ بْنُ مُسْلِمٍ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، أَخْبَرَنَا عَلِيُّ بْنُ زَيْدٍ، عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَانَ يَمُرُّ بِبَابِ فَاطِمَةَ سِتَّةَ أَشْهُرٍ إِذَا خَرَجَ إِلَى صَلاَةِ الْفَجْرِ يَقُولُ " الصَّلاَةَ يَا أَهْلَ الْبَيْتِ : ( إِنَّمَا يُرِيدُ اللَّهُ لِيُذْهِبَ عَنْكُمُ الرِّجْسَ أَهْلَ الْبَيْتِ وَيُطَهِّرَكُمْ تَطْهِيرًا ) " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ حَمَّادِ بْنِ سَلَمَةَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي الْحَمْرَاءِ وَمَعْقِلِ بْنِ يَسَارٍ وَأُمِّ سَلَمَةَ .

বাংলা

৩২০৬. আবদ ইবন হুমায়দ (রহঃ) ...... আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছয় মাস পর্যন্ত ফজরের সালাতে গমনের সময় ফাতিমা রাদিয়াল্লাহু আনহা-এর ঘরের দরজার পাশ দিয়ে যেতেন। বলতেন, হে আহলে বায়ত, সালাত (নামায)! আল্লাহ তো চান তোমাদের নবী পরিবার থেকে অপবিত্রতা দূরীভূত করতে আর তোমাদেরকে পরিপূর্ণভাবে পবিত্র করতে।

এই সূত্রে হাদীসটি হাসান-গারীব। হাম্মাদ ইবন সালামা (রহঃ) এর রিওয়ায়ত হিসাবেই এটিকে আমরা জানি। এই বিষয়ে আবুল হামরা মা’কিল ইবন ইয়াসার ও উম্মু সালামা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে।

যঈফ, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২০৬ [আল মাদানী প্রকাশনী]

## English

Narrated Anas bin Malik:
"For six months, the Messenger of Allah (ﷺ) would pass by the door of Fatimah when going to the Fajr prayer saying: 'As-Salat O People of the

house! Allah only wishes to remove the Rijs from you, O members of the family, and to purify you with thorough purification (33:33).'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38558

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন